

যুগান্তর

পরীক্ষার্থীদের সুবিধার্থে কর্মসূচি পরিবর্তন প্রধানমন্ত্রীর

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের সুবিধার্থে নিজের কর্মসূচির সময় পিছিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে কর্মসূচির স্থানও পরিবর্তন করেছেন তিনি। তিনি আজ নিয়মিত মন্ত্রিপরিষদের সভা সচিবালয়ের পরিবর্তে প্রধানমন্ত্রীর কার্যালয়ে করবেন এবং সকাল ৯টার পরিবর্তে গণভবন থেকে বের হবেন সাড়ে ১০টার পর। আজ প্রথম দিন অনুষ্ঠেয় এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের চলাচলের সুবিধার জন্য প্রধানমন্ত্রী নিজ থেকেই এ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। রাজধানী ঢাকায় অর্ধশতাধিক পরীক্ষা কেন্দ্রে চলাচলকারী পরীক্ষার্থী ও অভিভাবকদের কথা বিবেচনা করেই প্রধানমন্ত্রী এ সিদ্ধান্ত নিয়েছেন। প্রধানমন্ত্রীর উপ-সচিব আশরাফুল আলম খোকন রোববার বিকালে যুগান্তরকে এ তথ্য জানিয়ে বলেন, পরীক্ষার্থীদের সুবিধার কথা চিন্তা করে প্রধানমন্ত্রী এ সিদ্ধান্ত নিয়েছেন।